

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৫০৫

৫১/ দু'আ রাসুলুল্লাহ (ﷺ) থেকে বর্ণিত (ﷺ) পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই

باب

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ، حَدَّثَنَا يُونُسُ بْنُ أَبِي إِسْحَاقَ، عَنْ إِبْرَاهِيمَ بْنِ مُحَمَّدِ بْنِ سَعْدٍ، عَنْ أَبِيهِ، عَنْ سَعْدٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " دَعْوَةُ ذِي النُّونِ إِذْ دَعَا وَهُوَ فِي بَطْنِ الْحُوتِ لاَ إِلَهَ إِلاَّ أَنْتَ سُبُحَانَكَ إِنِّي كُنْتُ مِنَ الظَّالِمِينَ . فَإِنَّهُ لَمْ يَدْعُ بِهَا رَجُلُّ مُسْلِمٌ فِي شَيْءٍ قَطُّ إِلاَّ اسْتَجَابَ اللَّهُ لَهُ " . مَنَ الظَّالِمِينَ . فَإِنَّهُ لَمْ يَدْعُ بِهَا رَجُلُّ مُسْلِمٌ فِي شَيْءٍ قَطُّ إِلاَّ اسْتَجَابَ اللَّهُ لَهُ " . قَالَ مُحَمَّدُ بْنُ يُوسُفَ مَرَّةً عَنْ إِبْرَاهِيمَ بْنِ مُحَمَّد بْنِ سَعْدٍ، عَنْ سَعْدٍ، . قَالَ أَبُو عِيسَى وَقَدْ رَوَى غَيْرُ، وَاحِدٍ، هَذَا الْحَدِيثَ عَنْ يُونُسَ بْنِ أَبِي إِسْحَاقَ، عَنْ إِبْرَاهِيمَ بْنِ مُحَمَّد بْنِ سَعْدٍ، عَنْ سَعْدٍ، وَلَمْ يَذْكُرُوا فِيهِ عَنْ أَبِيهِ، .

বাংলা

৩৫০৫. মুহাম্মাদ ইবন ইয়াহইয়া (রহঃ) সা'দ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেনঃ রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যুননুন (মাছ ওয়ালা) ইউনুস (আঃ) মাছের পেটে দু'আ করেছিলেনঃ লা ইলাহা ইল্লা আনতা সুবহানাকা ইন্নী কুনতু মিনায যালিমীন। কোন মুসলিম যখনই এই দু'আ করে, আল্লাহ্ অবশ্যই তার দু'আ কবুল করে থাকেন।

সহীহ, আল কালিমুত তাইয়্যিব ১২২/৭৯, তা'লীকুর রাগীব ২/২৭৫, ৩/৪৩, মিশকাত, তাহকিক ছানী ২২৯২, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৫০৫ [আল মাদানী প্রকাশনী]

মুহাম্মাদ ইবন ইউসুফ (রহঃ) কোন কোন সময় ইব্রাহীম ইবন মুহাম্মাদ ইবন সা'দ রাদিয়াল্লাহু আনহু সুত্রের কথা বলেছেন। একাধিক রাবী এই হাদিসটি ইউনুস ইবন আবু ইসহাক - ইব্রাহীম ইবন মুহাম্মাদ ইবন সা'দ - সা'দ (রাঃ) সূত্রে বর্ণনা করেছেন। এতে তারা ইব্রাহীম ইবন মুহাম্মাদের পিতা মুহাম্মাদ (রহঃ) এর উল্লেখ করেননি।

কতক রাবী এবং আবূ আহমাদ যুবাইরী (রহঃ)-ও এটিকে ইউনুস (রহঃ) থেকে বর্ণনা করেছেন। তাঁরা বলেছেন ইব্রাহীম ইবন মুহাম্মাদ ইবন সা'দ ... তাঁর পিতা মুহাম্মাদ ইবন ইউসুফ (রহঃ) এর রিওয়ায়াতের অনুরূপ বর্ণনা



করেছেন।

English

Ibrahim bin Muhammad bin Sa`d narrated from his father, from Sa`d that the Messenger of Allah (ﷺ) said:

"The supplication of Dhun-Nun (Prophet Yunus) when he supplicated, while in the belly of the whale was: 'There is none worthy of worship except You, Glory to You, Indeed, I have been of the transgressors. (Lā ilāha illā anta subḥānaka innī kuntu minaẓ-ẓālimīn)' So indeed, no Muslim man supplicates with it for anything, ever, except Allah responds to him."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সা'দ বিন আবূ ওয়াক্কাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন